



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd



প্যানেল আইনজীবীর কার্যবলী (Terms of Reference)

১. ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর পক্ষে ও বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহ পরিচালনা, প্রতিবন্ধিতা, তদারকি, পরামর্শ প্রদান ইত্যাদির জন্য প্যানেল আইনজীবীকে যে দায়িত্ব প্রদান করা হবে তিনি সে সকল দায়িত্ব সুষ্ঠুভাবে আন্তরিকতার সঙ্গে সম্পাদন করবেন;
২. প্রথমে ০৩ (তিনি) বৎসরের জন্য প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত করা হবে। মামলা পরিচালন দক্ষতা বিবেচনা করে উভয় পক্ষের সম্মতিতে চুক্তি নবায়নযোগ্য হবে;
৩. মামলা পরিচালনা, প্রতিবন্ধিতা, তদারকি, পরামর্শ প্রদান ইত্যাদির জন্য সরকার নির্ধারিত ফি প্রদান করা হবে। তবে কোনো প্রকার মাসিক বেতন বা ভাতা বা সম্মানী প্রদান করা হবে না;
৪. মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. যে কোনো মামলা বিচারাধীন অবস্থায় কিংবা যে কোনো পর্যায়ে জনস্বার্থে ডিএমটিসিএল কর্তৃপক্ষ কোনো প্যানেল আইনজীবীর নিকট হতে প্রত্যাহার করে অন্য কোনো আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং নিয়োজিত প্যানেল আইনজীবী এই মামলার দলিল-দস্তাবেজ বিনা কেফিয়তে সংশ্লিষ্ট আইনজীবীর নিকট হস্তান্তর করতে বাধ্য থাকবেন;
৬. ডিএমটিসিএল কর্তৃপক্ষ অন্য আইনজীবী দ্বারা পরিচালিত যে কোনো মামলা যে কোনো পর্যায়ে জনস্বার্থে প্রত্যাহার পূর্বে যে কোনো সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীকে প্রদান করতে পারবে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট প্যানেল আইনজীবী মামলাটির দায়িত্ব গ্রহণে বাধ্য থাকবেন;
৭. প্যানেল আইনজীবী কর্তৃক ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বিবুক্তে আদালতে কোনো মামলা পরিচালনার সময় প্রতিপক্ষকে কোনো তথ্য প্রদান বা সমর্থন করা যাবে না;
৮. দায়িত্ব পালনে আন্তরিকতার অভাব বা ক্রটির কারণে ডিএমটিসিএল তথা সরকার কোনো ক্ষতির সম্মুখীন হলে উহার দায় সংশ্লিষ্ট প্যানেল আইনজীবীর ওপর বর্তাবে;
৯. প্যানেল আইনজীবীকে যে সকল মামলা পরিচালনার দায়িত্ব প্রদান করা হবে সে সকল মামলার সর্বশেষ অবস্থা এবং পরবর্তী কার্যক্রম সম্পর্কে ডিএমটিসিএল কর্তৃপক্ষকে নিয়মিত লিখিতভাবে অবহিত করতে হবে;
১০. পরিচালনাধীন মামলার সকল তথ্য এবং ধারাবাহিক কার্যক্রম একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ রাখতে হবে;
১১. পরিচালনাধীন মামলার হালনাগাদ প্রতিবেদন প্রতি ০৩ মাস পর কোম্পানি সচিব, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)- এর নিকট দাখিল করতে হবে। কর্তৃপক্ষের প্রয়োজনে প্যানেল আইনজীবী যে কোনো সময় সংশ্লিষ্ট মামলার সর্বশেষ অবস্থার প্রতিবেদন দাখিল করবেন;
১২. ডিএমটিসিএল কর্তৃক আয়োজিত মামলা পরিচালনা সংক্রান্ত ত্রৈমাসিক সভায় প্যানেলভুক্ত আইনজীবীগণের অংশগ্রহণ করত হবে;
১৩. প্যানেল আইনজীবী হিসেবে দায়িত্ব পালন হতে কোনো আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে ন্যূনতম ০২(দুই) মাস পূর্বে লিখিতভাবে ডিএমটিসিএল কর্তৃপক্ষকে জানাতে হবে;
১৪. অঙ্গীকারনামার শর্তাবলী ভঙ্গ করলে বা ডিএমটিসিএল কর্তৃপক্ষ কোনো আইনজীবীর কার্যক্রমে অসন্তুষ্ট হলে যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে প্যানেল আইনজীবীর তালিকা থেকে সংশ্লিষ্ট আইনজীবীর নাম বাদ দিতে পারবে এবং তিনি সকল দলিল-দস্তাবেজ ডিএমটিসিএল কর্তৃপক্ষ অথবা ডিএমটিসিএল কর্তৃক মনোনীত অন্য প্যানেল আইনজীবীকে বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন; এবং
১৫. প্যানেল আইনজীবীর চেম্বার বা বাসার ঠিকানা এবং টেলিফোন বা মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।